# ২০/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শিবচর উপজেলার যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরনী।

ঃ জনাব ফাহিমা আক্তার
মহিলাভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

তারিখ ঃ ২০/১২/২০২১ খ্রিঃ। সময় ঃ সকাল - ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, শিবচর, মাদারীপুর।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর পরিশিষ্ট "ক" দ্রস্টব্য
সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গৃহীত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ।

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনালে এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |
| ০১ | প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় চলতি অর্থবছরের প্রশিক্ষন ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ও অগ্রগতির বিষয়ে জানান যে, চলতি অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৪২০ জন, চলতি মাস পর্যন্ত অগ্রগতি ৮টি ব্যাচে ২৪০জন, অগ্রগতির হার ৫৮% এবং ০১টি ব্যাচের প্রশিক্ষন চলমান।আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহনের লক্ষ্যমাত্রা প্রতিমাসে ০৭ জন বছরে ৮৪ জন এ পর্যন্ত অগ্রগতি ৪২ জন। এ বিষয়ে সভায় আরো বিস্তারিত আলোচনা হয়। | চলতি অর্থবছরে প্রশিক্ষন ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। |
| ০২ | যুব ঋন বিতরন ও আদায়ের অগ্রগতি। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋন বিতরন ও আদায়ের অগ্রগতির বিষয়ে জানান যে, চলতি অর্থবছরে আত্মকর্মসংস্থান কর্মসূচি হতে ১৮ জন যুব ও যুব মহিলাকে ৯০০০০০/-টাকা যুব ঋণ বিতরন করা হয়। ক্রমপুঞ্জিত বিতরন আত্মকর্মসংস্থান কর্মসূচি হতে ২৮৪২৮০০০/= টাকা এবং পরিবার ভিত্তিক কর্মসূচি হতেচলতি অর্থবছরে ৮৫ জন যুব ও যুব মহিলাকে ১০২০০০০ টাকা যুব ঋণ বিতরন করা হয়। ক্রমপুঞ্জিত বিতরন ৪৫৭টি কেন্দ্রে ১৯৬৫৭৮০০০/-টাকা।উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আরও জানান অত্র উপজেলায় বর্তমানে আত্মকর্মসংস্থান কর্মসূচিতে ৩৭৬৪২৭/- এবং পরিবার ভিত্তিক কর্মসূচিতে ২২১৩২৯৯/= ঋন খেলাপী আছে যা আদায়ে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। উল্লিখিত খেলাপী টাকা আদায়ে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | চলমান ঋন আদায় শতভাগ নিশ্চিত করাসহ তা অব্যাহত রাখা এবং খেলাপী টাকা আদায়ের নিমিত্তে সভার সদস্যগন সার্বিক সহযোগীতা করবেন মর্মে মতামত ব্যক্ত করেন এবং বিষয়টি উপজেলা পরিষদের সাধারন সভার আলোচ্যসুচীতে অর্ন্তভুক্ত করার জন্য সুপারিশ করা হইল। |
| ০৩ | ক্রীড়া উন্নয়ন ও অগ্রগতি | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তর শুধুমাত্র যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মসুচী বাস্তবায়ন করে। ক্রীড়া পরিদপ্তরের কোন কর্মসুচী তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হয় না, এমন কি উক্ত পরিদপ্তরের কোন কর্মকর্তা বা অফিস উপজেলা পরিষদে নাই। তাই ক্রীড়া উন্নয়ন এর বিষয়ে তিনি কোন কিছু জানাতে অপারগতা প্রকাশ করেন। তিনি আরও জানান ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত তথ্য উপস্থাপনের জন্য উপজেলা ক্রীড়া পরিষদের সম্পাদককে অত্র কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করা যেতে পারে। সভাপতি বহেরাতালা দক্ষিন ইউনিয়নের বিশিষ্ট ক্রীড়া ব্যাক্তত্ব জনাব রোকনুজ্জামান রোমান মাদবরকে এ কমিটিতে কে-অপ্ট করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা হয়। | উল্লিখিত বিষয়টি উপজেলা পরিষদের সাধারন সভার আলোচ্যসুচীতে অন্তভুক্ত করার জন্য সুপারিশ করা হইল। |
| ০৪ | ন্যাশনাল সার্ভিস কর্মসুচী | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কোভিট-১৯ মহামারীর কারনে কয়েকবার বন্ধ থাকার পরও গত আগষ্ট মাসে শিবচর উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসুচীর প্রশিক্ষন শেষ হয় এবং গত ০১/০৯/২০২১তারিখ হতে সফলবাবে প্রশিক্ষন সমাপ্তকারী ৪৯৬ জনের মধ্যে ৪৯০ জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন দপ্তরে সংযুক্তি দেয়া হয় এর মধ্যে ৪৮০ যুব ও যুব মহিলা বর্তমানে বিভিন্নদপ্তরে সংযুক্ত আছে বাকিরা কর্মসুচীতে অংশগ্রহন করছেন না।এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়। | ন্যাশনাল সার্ভিস কর্মসুচী প্রশিক্ষন সফলভাবে সমাপ্ত এবং সংযুক্তি দেয়ার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে ধন্যবাদ দেয়া হয়। কার্যক্রমটি মনিটরিং করার জন্য সকল সদস্যদের অনুরোধ করা হয়। |
| ০৫ | যুব সংগঠন নিবন্ধন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান ,অত্র উপজেলায় ০৫টি যুব সংগঠন যুব উন্নয়ন অধিদপ্তরের তালিকাভুক্ত এবং ০২টি সংগঠন অত্র দপ্তরের নিবন্ধনপ্রাপ্ত আছে, এর মধ্যে ০৪টি সংগঠনের কার্যক্রম সচল আছে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যুব উন্নয়ন অধিদপ্তর এখন যুব সংগঠনকে রেজিস্ট্রেশন দিয়ে থাকে। নতুন যুব সংগঠন রেজিস্ট্রেশন করার বিষয়ে যুবদের উৎসাহিত করার জন্য তিনি সদস্যদের সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়। | তালিকাভুক্ত সকল যুব সংগঠনের কার্যক্রম সচল করার ব্যবস্থা গ্রহন করার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করা হয়।

(জনাব ফাহিমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি

স্মারক নং-৩৪.০১.৫৪৮৭.০০০.০৬.০৪০.১৪-৫৬৪

তারিখঃ ২০/১২/২০২১খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হইল।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
০৩। জনাব-------------------------------------চেয়ারম্যান--------------------------------ইউ,পি ও সদস্য ।
০৪। দপ্তর নথি।

(শ্যামল কৃষ্ণ মালাকার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
শিবচর, মাদারীপুর ।

পরিশিষ্ট"ক'

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দ | স্বাক্ষর | ক্রমিক নং | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব আঃ রহমান খান, চেয়ারম্যান, বন্দরখোলা ইউনিয়ন পরিষদ | | | |
| ০২ | জনাব আবুল কালাম চোকদার, চেয়ারম্যান, ভান্ডারীকান্দি ইউনিয়ন পরিষদ | | | |
| ০৩ | জনাব মোঃ আসাদুজ্জমান, চেয়ারম্যান, বাশঁকান্দি ইউনিয়ন পরিষদ | | | |
| ০৪ | জনাব শ্যামল কৃষ্ণ মালাকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর | | | |